পশ্চিমবঙ্গ সরকার
শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ
কোতুলপুর সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
কোতুলপুর : বাঁকুড়া

স্মারক সংখ্যা : ২০৮/এফ-এস/আই.সি.ডি/কোট তারিখ:- ২৭/০৮/২০১৯

বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাইতেছে যে, নারী, শিশু উন্নয়ন ও সমাজকল্যাণ দপ্তরের অধীন বাঁকুড়া জেলার অন্তর্গত কোতুলপুর সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, অঙ্গনওয়াড়ী কর্ম্মী এবং সহায়িকার শূন্য পদগুলির পূরণের জন্য কেবলমাত্র নির্ধারিত এলাকার মহিলা প্রার্থীদের কাছ থেকে আবেদন পত্র আহ্বান করছে । বিজ্ঞপ্তিটি বাঁকুড়া জেলার ওয়েবসাইটে (www.bankura.gov.in) পাওয়া যাবে ।

সাধারণ ও তপশিলী জাতির প্রার্থীরা নিম্নবর্ণিত নির্দেশ অনুযায়ী যেকোন সরকারি কাজের দিন ১১/০৯/২০১৯ তারিখ পর্যন্ত (বেলা ১১ টা থেকে ৫ টা পর্যন্ত) আবেদন পত্র বি.ডি.ও অফিস ক্যাম্পাসের মধ্যে কোতুলপুর I.C.D.S কার্য্যালয়ে জমা দিতে পারবেন ।

শূন্যপদগুলির বিবরণ

জাতি অনুযায়ী অঙ্গনওয়াড়ী সহায়িকা শূন্যপদের শ্রেণীবিভাগ

গ্রাম পঞ্চায়েত	শূন্যপদ	শ্রেণীগত শূন্যপদের বিবরণ
মদনমোহনপুর	০১	তপ : জাতি (SC)-০১
শিহড়	০২	সাধারণ (GEN)-০২

জাতি অনুযায়ী অঙ্গনওয়াড়ী কর্ম্মী শূন্যপদের শ্রেণীবিভাগ

শ্রেণী	শূন্যপদের সংখ্যা	যারা আবেদন করতে পারবেন
সাধারন	০২	কোতুলপুর ব্লকে স্থায়ীভাবে বসবাসকারী সাধারন মহিলা প্রার্থীরা আবেদন করতে পারবেন ।
তপ : জাতি	০১	

★★ বি:দ্র:- পরবর্তী পরিস্থিতিতে শূন্যপদের সংখ্যা বাড়তে পারে ।

অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে যোগ্যতাবলী

১) সহায়িকা পদের জন্য শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী উত্তীর্ণ হতে হবে। সাধারণ ও তপশিলী জাতি সকল শ্রেণীর ক্ষেত্রেই একই যোগ্যতামান আবশ্যক ।
২) অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে প্রার্থীকে অবশ্যই কোতুলপুর ব্লকের যে গ্রাম পঞ্চায়েত এলাকায় শূন্যপদটি অবস্থিত সেই গ্রাম পঞ্চায়েত এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে ।
৩) অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে শুধুমাত্র মহিলা প্রার্থীরা আবেদন করতে পারবেন এবং প্রার্থীর বয়স ০১/০৮/২০১৯ তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বাধিক ৪৫ বছরের মধ্যে হতে হবে ।
৪) এই পদটি সম্পূর্নরূপে স্বেচ্ছাসেবামূলক, আংশিক সময়ের এবং অস্থায়ী ।
৫) অঙ্গনওয়াড়ী সহায়িকার বয়স ৬৫ (পঁয়ষট্টি) বছর পূর্ণ হলে এই পদ হতে অবসর নেওয়া বাধ্যতামুলক ।

অঙ্গনওয়াড়ী কর্মী পদে যোগ্যতাবলী

১) অঙ্গনওয়াড়ী কর্মী পদের জন্য নুন্যতম শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক / সমতুল্য যোগ্যতা উত্তীর্ন হতে হবে ।
২) অঙ্গনওয়াড়ী কর্মী পদে প্রার্থীকে অবশ্যই কোতুলপুর ব্লকের স্থায়ী বাসিন্দা হতে হবে ।
৩) প্রার্থীর বয়স ০১/০৮/২০১৯ তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বাধিক ৪৫ বছরের মধ্যে হতে হবে ।
৪) এই পদটি সম্পূর্নরূপে স্বেচ্ছাসেবামূলক, আংশিক সময়ের এবং অস্থায়ী ।
৫) অঙ্গনওয়াড়ী কর্মীর বয়স ৬৫ (পঁয়ষট্টি) বছর পূর্ণ হলে এই পদ হতে অবসর নেওয়া বাধ্যতামুলক ।

প্রার্থীর আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত প্রমান পত্রের যে সকল ফটো কপি জমা দিতে হবে

ক) প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমান পত্রের স্ব-প্রত্যয়িত নকল ।
খ) কেবলমাত্র বি.ডি.ও. কোতুলপুর প্রদত্ত বাসস্থান সংক্রান্ত শংসাপত্র । (জেরক্স কপি গ্রাহ্য হবে না)।
গ) প্রার্থীর তপ:জাতির পরিচয় সংক্রান্ত সার্টিফিকেট মহকুমা শাসক প্রদত্ত হতে হবে ।
ঘ) আবেদনকারীর সাম্প্রতিক তোলা এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আবেদন পত্রের নির্দিষ্ট জায়গায় আঠা দিয়ে সেঁটে দিতে হবে, এছাড়া আরো ৪ টি পাসপোর্ট সাইজের রঙিন ছবির পিছনে স্বাক্ষর করে আবেদন পত্রের সাথে পৃথক খামে দিতে হবে ।
ঙ) প্রার্থীর নিজের নাম ও বাসস্থানের সম্পূর্ন ঠিকানা (গ্রাম পঞ্চায়েতের নাম সহ) লিখে ও ১০ (দশ) টাকা মূল্যের ডাকটিকিট লাগানো ২টি (১০ ইঞ্চি / ৪ ইঞ্চি) মাপের খাম আলাদা করে আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।
চ) নিজের হাতে পূরণ করা আবেদনপত্র এবং উপরে উল্লিখিত সমস্ত নথিপত্র একটি বড় মাপের খামে ভরে মুখ বন্ধ অবস্থায় খামের উপরে কোতুলপুর সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারিক, গ্রাম + পো - কোতুলপুর, জেলা -বাঁকুড়া, ঠিকানা লিখে যেকোনো সরকারি কাজের দিনে বি.ডি.ও অফিস ক্যাম্পাসের মধ্যে কোতুলপুর I.C.D.S কার্যালয়ের নির্দিষ্ট বক্সে জমা দিতে হবে । **খামের উপর কোন পদের জন্য আবেদন করা হয়েছে তাহা সঠিকভাবে লিখে দিতে হবে** । খামের বামদিকে আবেদনকারীর নাম ও ঠিকানা (গ্রাম পঞ্চায়েতের নাম সহ) অবশ্যই লিখতে হবে ।

আবেদনপত্র বাতিলের কারণ সমূহ

১) আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ এবং সময় অতিক্রান্ত হওয়ার পরে জমা পড়লে ।
২) আবেদনপত্র অসম্পূর্ন এবং সঠিক নির্দেশ অনুযায়ী না থাকলে ।
৩) আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতার প্রমানপত্র না থাকলে ।
৪) আবেদনকারীর বয়স যদি ০১/০৮/২০১৯ অনুযায়ী ১৮ থেকে ৪৫ বছের মধ্যে না হয় ।
৫) একটি পদের জন্য একই আবেদনকারীর দ্বারা একাধিক আবেদনপত্র জমা পড়লে ।
৬) সাম্প্রতিক কালের পাসপোর্ট সাইজের রঙিন ফটো না থাকলে ।
৭) আবেদনপত্রে আবেদনকারীর স্বাক্ষর এবং ঘোষণাপত্র সংযুক্ত না থাকলে ।
৮) অন্যান্য যে কোন অমিল যদি স্ক্রুটিনির সময় পাওয়া যায় ।
৯) ফটো, শংসাপত্র, ডাকটিকিট যুক্ত খাম, ইত্যাদি না থাকলে এবং অসম্পূর্ন ও অপরিচ্ছন্ন আবেদনপত্র ।
১০)আবেদনপত্র নিজ হাতে পূরণ না করলে ।
১১)বি.ডি.ও প্রদত্ত স্থায়ী বাসিন্দার শংসাপত্র না থাকলে ।

সাধারণ শর্তাবলী

১) প্যানেলে নাম নথিভুক্ত হলেই অঙ্গনওয়াড়ী কর্মী ও অঙ্গনওয়াড়ী সহায়িকা পদে নিযুক্তির নিশ্চয়তা নয় ।

২) প্রত্যেক প্রার্থীকে লিখিত এবং মৌখিক উভয় পরীক্ষাতেই উপস্থিত থাকা বাধ্যতামূলক । নতুবা তার প্রার্থীপদ বাতিল বলে গন্য হবে ।

৩) আবেদনপত্র যাচাই করার পর বৈধ আবেদনকারীদের নাম www.bankura.gov.in এই ওয়েবসাইটে এবং সি.ডি.পি.ও. অফিসের নোটিশ বোর্ডে প্রকাশিত হবে।

৪) মৌখিক পরীক্ষার সময়সূচী www.bankura.gov.in এই ওয়েবসাইটে এবং সি.ডি.পি.ও. অফিসের নোটিশ বোর্ডে প্রকাশিত হবে ।

৫) সমস্ত মূল সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় যাচাই করা হবে ।

৬) পরীক্ষা গ্রহন কেন্দ্রে যাতায়াতের জন্য প্রার্থীকে কোন রাহা খরচ/ভাতা দেওয়া হবে না।

৭) নিয়োগ প্রক্রিয়া চলাকালীন কোন প্রার্থীর উত্তীর্নতা সম্পূর্নরূপে অস্থায়ী (Provisional) এবং উল্লিখিত শর্তাবলী সাপেক্ষ ।

৮) যে কোন সময়ে পরীক্ষার ধরন পরিবর্তনকরা অথবা পুনরায় ইন্টারভিউ করা অথবা নিয়োগ প্রক্রিয়াটির কোনো ধাপ অথবা সমগ্র নিয়োগ প্রক্রিয়াটি বাতিল করার অধিকার সম্পূর্নরূপে কমিটির হাতে ন্যস্ত থাকিবে ।

নিয়োগ প্রক্রিয়া

প্যানেল তৈরীর জন্য অঙ্গনওয়াড়ী কর্মী ও অঙ্গনওয়াড়ী সহায়িকা উভয় ক্ষেত্রেই মোট ১০০ নম্বরের পরীক্ষা নেওয়া হবে (৯০ নম্বরের লিখিত পরীক্ষা এবং ১০ নম্বরের মৌখিক পরীক্ষা) ।

লিখিত পরীক্ষায় নিম্নলিখিত বিষয়ে পরীক্ষা নেওয়া হবে

ক) মাতৃভাষায় ১৫০ শব্দের রচনা লিখন (অষ্টম শ্রেণী মানের)	: পূর্ন মান	= ১৫
খ) পাটী গনিত (অষ্টম শ্রেণী মানের)	: পূর্ন মান	= ২০
গ) পুষ্টি, জনস্বাস্থ্য ও মহিলাদের অবস্থান বিষয়ক প্রশ্ন	: পূর্ন মান	= ১৫
ঘ) ইংরাজী ভাষাজ্ঞান (প্রার্থীর ইংরাজী ভাষা সাধারণ জ্ঞান, ভাষান্তরকরণ / অনুবাদ ইত্যাদি) (অষ্টম শ্রেণী মানের)	: পূর্ন মান	= ২০
ঙ) সাধারণ জ্ঞান	: পূর্ন মান	= ২০
	মোট	= ৯০

বি.দ্র :-* **অঙ্গনওয়াড়ী সহায়িকা এবংকর্মীদের লিখিত পরীক্ষার তারিখ- ২২/০৯/২০১৯**

অঙ্গনওয়াড়ী সহায়িকাদের লিখিত পরীক্ষার সময় : ১০.৩০ মি. থেকে ১২.৩০ মি. পর্যন্ত।

অঙ্গনওয়াড়ী কর্মীদের লিখিত পরীক্ষার সময় : ২.৩০ মি. থেকে ৪.৩০ মি. পর্যন্ত।

* **প্রয়োজনে পরীক্ষার তারিখ, সময় এবং প্রশ্নের ধরন পরিবর্তন হতে পারে । পরিবর্তিত সংবাদ NIC বাঁকুড়া জেলার ওয়েবসাইটে (www.bankura.gov.in) পাওয়া যাবে ।**

* যে সমস্ত আবেদনকারী ১৮/০৯/২০১৯ তারিখের মধ্যে লিখিত পরীক্ষার Admit Card ডাকযোগে পাবেন না, তাদেরকে ICDS কার্যালয় হতে ১৯/০৯/২০১৯ এবং ২০/০৯/২০১৯ তারিখ বেলা ৪ টা পর্যন্ত Admit Card দেওয়া হবে ।

* কোন প্রার্থীকে মৌখিক পরীক্ষায় উপস্থিত হতে হলে তাকে লিখিত পরীক্ষায় নুন্যতম ৩০ নম্বর পেতেই হবে।

* যদি কোন প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর মৌখিক পরীক্ষায় অনুপস্থিত থাকে, তবে তার প্রার্থীপদ খারিজ বলে বিবেচিত হবে ।

জয়ব্রত কুন্ডু ২৭-০৮-২০১৯

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক

কোতুলপুর সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প

কোতুলপুর :: বাঁকুড়া ।

প্রকল্প আধিকারিক,
সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
কোতুলপুর বাঁকুড়া

স্মারক সংখ্যা : ২০৮/১ (২৭)/এফ-এস/আই.সি.ডি/কোট তারিখ:- ২৭/০৮/২০১৯

বিজ্ঞপ্তির অনুলিপি জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরিত হইল :-

১) মাননীয় সভাপতি, জেলা নির্বাচন এবং মনিটরিং কমিটি, আই.সি.ডি.এস., বাঁকুড়া।
২) মাননীয় সহ সভাপতি, জেলা নির্বাচন এবং মনিটরিং কমিটি, আই.সি.ডি.এস., বাঁকুড়া।
৩) মাননীয় অধিকর্তা, আই.সি.ডি.এস., পশ্চিমবঙ্গ সরকার, শৈশালী কমপ্লেক্স ,সল্টলেক সিটি, ডি.এফ. ব্লক, সেক্টর - ১, কলকাতা - ৭০০০০৬৪.
৪) মাননীয় জেলাশাসক, বাঁকুড়া।
৫) মাননীয় অতিরিক্ত জেলাশাসক (উন্নয়ন), বাঁকুড়া।
৬) মাননীয় মহকুমা শাসক, বিষ্ণুপুর, বাঁকুড়া।
৭) মাননীয় জেলা প্রকল্প আধিকারিক, আই.সি.ডি.এস., বাঁকুড়া।
৮) মাননীয় বিধায়ক, কোতুলপুর বিধানসভা ক্ষেত্র, কোতুলপুর, বাঁকুড়া।
৯) মাননীয় বিধায়ক, ইন্দাস বিধানসভা ক্ষেত্র, ইন্দাস, বাঁকুড়া।
১০) মাননীয় সভাপতি, কোতুলপুর পঞ্চায়েত সমিতি, কোতুলপুর, বাঁকুড়া।
১১) মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক, কোতুলপুর, বাঁকুড়া।
১২) মাননীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক, কোতুলপুর, বাঁকুড়া।
১৩) মাননীয় ভারপ্রাপ্ত আধিকারিক, কোতুলপুর থানা, কোতুলপুর, বাঁকুড়া।
১৪) মাননীয় জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, বাঁকুড়া প্রতিদিন বাংলা পত্রিকায় বিজ্ঞপ্তি বহুল প্রচারের জন্য অনুরোধ জানাই (কপি সংযুক্ত করা হল) ।
১৫) মাননীয় সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, কোতুলপুর, বাঁকুড়া।
১৬) মাননীয় ডি.আই .ও,এন .আই .সি, বাঁকুড়া, ওয়েবসাইট (**www.bankura.gov.in**) বিজ্ঞপ্তি আপলোড ও বহুল প্রচারের জন্য অনুরোধ জানাই।
১৭) মাননীয় আধিকারিক উপ-ডাক ডাকঘর, কোতুলপুর, বাঁকুড়া।
১৮) মাননীয় প্রধান, কোতুলপুর গ্রাম পঞ্চায়েত।
১৯) মাননীয় প্রধান, মদনমোহনপুর গ্রাম পঞ্চায়েত।
২০) মাননীয় প্রধান, মির্জাপুর গ্রাম পঞ্চায়েত।
২১) মাননীয় প্রধান, লাউগ্রাম গ্রাম পঞ্চায়েত।
২২) মাননীয় প্রধান, লেগো গ্রাম পঞ্চায়েত।
২৩) মাননীয় প্রধান, গোপীনাথপুর গ্রাম পঞ্চায়েত।
২৪) মাননীয় প্রধান, সিহড় গ্রাম পঞ্চায়েত।
২৫) মাননীয় প্রধান, দেশড়া-কোয়ালপাড়া গ্রাম পঞ্চায়েত।
২৬) অফিস নোটিশ বোর্ড, কোতুলপুর আই.সি.ডি.এস. প্রজেক্ট, বাঁকুড়া।
২৭) অফিস কপি।

জয়ন্ত ঘোষ
২৭.০৮.২০১৯
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
কোতুলপুর সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
কোতুলপুর, বাঁকুড়া

আবেদনপত্র

প্রতি,
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক,
কোতুলপুর সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প ।
কোতুলপুর : বাঁকুড়া।

সাম্প্রতিককালের
তোলা পাসপোর্ট
সাইজের রঙিন ছবি

মহাশয়,

আমি আপনার বিজ্ঞপ্তি নং ২০৮/এফ-এস/আই.সি.ডি/কোট, তারিখ-২৭/০৮/২০১৯ অনুযায়ী **অঙ্গনওয়াড়ী কর্মী** পদের জন্য আবেদন করছি । আমার সমস্ত বিবরণ নিম্নে প্রদত্ত হল ।

১) প্রার্থীর নাম : ....

২) পিতা / স্বামীর নাম : ....

৩) ঠিকানা :-

গ্রাম : .... পোষ্ট : ....

থানা : .... গ্রাম পঞ্চায়েত : ....

জেলা : বাঁকুড়া. পিন নং .... মোবাইল নং................

৪) জন্ম তারিখ : .... (ইংরাজী সন অনুযায়ী)

৫) বয়স (০১/০৮/২০১৯তারিখে) : ....বছর ....মাস ....দিন

৬) শিক্ষাগত যোগ্যতা : ....

৭) প্রার্থী তপশিলী জাতি / সাধারন ভুক্ত কিনা : ....

৮) প্রার্থীর মাতৃভাষা : ....

(সমস্ত প্রমান পত্রের স্ব-প্রত্যয়িত কপি এবং বাসস্থান সংক্রান্ত আসল কপি জমা দিতে হবে)

* ঘোষণাপত্র *

আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে, উপরোক্ত সমস্ত তথ্য / বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য। যদি কোন পর্যায়ে ভুল বা মিথ্যা প্রমাণিত হইলে আমার প্রার্থী পদ বাতিল বলে গণ্য হইবে এবং আমি তা মেনে নিতে বাধ্য থকিব ।

তারিখ : ------------------------

....
প্রার্থীর সম্পূর্ন স্বাক্ষর

আবেদন পত্র

প্রতি,
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক,
কোতুলপুর সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প ।
কোতুলপুর : বাঁকুড়া।

সাম্প্রতিককালের তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি

মহাশয়,

আমি আপনার বিজ্ঞপ্তি নং ২০৮/এফ-এস/আই.সি.ডি/কোট, তারিখ-২৭/০৮/২০১৯ অনুযায়ী **অঙ্গনওয়াড়ী সহায়িকা** পদের জন্য আবেদন করছি । আমার সমস্ত বিবরণ নিম্নে প্রদত্ত হল ।

১) প্রার্থীর নাম : ....

২) পিতা / স্বামীর নাম : ....

৩) ঠিকানা :-

গ্রাম : .... পোষ্ট : ....

থানা : .... গ্রাম পঞ্চায়েত : ....

জেলা : বাঁকুড়া. পিন নং .... মোবাইল নং..................................

৪) জন্ম তারিখ : .... (ইংরাজী সন অনুযায়ী)

৫) বয়স (০১/০৮/২০১৯তারিখে) : ....বছর ....মাস ....দিন

৬) শিক্ষাগত যোগ্যতা : ....

৭) প্রার্থী (তপশিলী জাতি / সাধারন) কোন শ্রেণীভুক্ত : ....

৮) প্রার্থীর মাতৃভাষা : ....

(সমস্ত প্রমান পত্রের স্ব-প্রত্যয়িত কপি এবং বাসস্থান সংক্রান্ত আসল কপি জমা দিতে হবে)

* ঘোষণাপত্র *

আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে, উপরোক্ত সমস্ত তথ্য / বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য। যদি কোন পর্যায়ে ভুল বা মিথ্যা প্রমাণিত হইলে আমার প্রার্থী পদ বাতিল বলে গণ্য হইবে এবং আমি তা মেনে নিতে বাধ্য থকিব ।

তারিখ : ....

....
প্রার্থীর সম্পূর্ন স্বাক্ষর